

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.৮৫০০.০১৭.২৭.০০২.১৭. ৫২৯

তারিখ : ২২ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ।
০৬ জুলাই, ২০১৭ খ্রিষ্টাব্দ।

বিষয় : রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার রায়পুর ইউপি চেয়ারম্যান জনাব মোঃ আনিছুর রহমান সরকার এর বিরুদ্ধে ২০১৫-২০১৬ অর্থ বছরে এলজিএসপি এর অর্থ দ্বারা কাজ না করে আত্মসাত করার অভিযোগের বিষয়ে কারণ দর্শানো নোটিশ।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের পরিদর্শন শাখার স্মারক নং-৪৩, তারিখ : ২৪/১১/২০১৬ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পীরগঞ্জ উপজেলার রায়পুর ইউপি চেয়ারম্যান জনাব মোঃ আনিছুর রহমান সরকার চেয়ারম্যান নির্বাচিত হওয়ার পর হতে সরকারি বিভিন্ন প্রকল্পের অর্থ উত্তোলন করে আত্মসাত করেছেন। তিনি বিগত ২০১৪-২০১৫ অর্থ বছরে ভূগা প্রকল্প দেখিয়ে অর্থ আত্মসাত করেছেন। বর্তমান ২০১৫-২০১৬ অর্থ বছরে এলজিএসপি:২ এর ১ম ও ২য় কিস্তির বরাদ্দকৃত অর্থ দ্বারা কাজ না করে বিধিবিহীনভাবে নিজে স্বাক্ষর করে সোনালী ব্যাংক লি., পীরগঞ্জ শাখা, রংপুর এর হিসাব নং-(১) ১২৬৩/৩, (২) ১৭৮৯ (৩) ২৫৩৪/৩ হতে সমুদয় অর্থ উত্তোলন করে কোন কাজ না করে আত্মসাত করেছেন।

০২। এ ছাড়া রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার রায়পুর ইউপি চেয়ারম্যান জনাব মোঃ আনিছুর রহমান সরকার এর বিরুদ্ধে ২০১৫-২০১৬ অর্থ বছরে এলজিএসপি এর অর্থ দ্বারা কাজ না করে আত্মসাত করার অভিযোগ উত্থাপিত হয়। উক্ত অভিযোগের বিষয়ে এ বিভাগের অতিরিক্ত সচিব জনাব এ বি এম আরশাদ হোসেন তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন। প্রতিবেদনের সার্বিক মন্তব্যে উল্লেখ করা হয় যে, ২০১৫-২০১৬ অর্থ বছরের ১ম কিস্তির জন্য বরাদ্দকৃত ৬,০৬,৮৭৫/- টাকা দিয়ে ৬টি স্কীম গ্রহণ করা হয়। স্কীমগুলি বিজিসিসি কমিটিতে উপস্থাপনের জন্য দাখিল করা হয়। বিজিসিসির অনুমোদনের পূর্বেই গত ০৭/০২/২০১৬ তারিখে সকল স্কীমের টাকা উত্তোলন করা হয়।

০৩। এলজিএসপি:২ এর ২য় কিস্তির টাকা দিয়ে ১৩টি প্রকল্প গ্রহণ করা হয়। তদন্তকালে উক্ত প্রকল্পগুলো বাস্তবায়নের কোন তথ্য পাওয়া যায়নি। বিজিসির অনুমোদনের পর ১৩টি প্রকল্পের সকল টাকা আত্মসাতের উদ্দেশ্যে উত্তোলন করা হয়েছে। সংশ্লিষ্ট চেক ও চেক রেজিস্ট্রার পরীক্ষান্তে দেখা যায়, উক্ত প্রকল্পসমূহের সমস্ত টাকা ২জন সরবরাহকারীর নামে উত্তোলন করা হয়েছে। এ বিষয়ে চেয়ারম্যান জানায় যে, ব্যক্তিগত প্রয়োজনে উক্ত টাকা খরচ করা হয়েছে। তদন্ত কর্মকর্তার মন্তব্যে এলজিএসপি:২ এর ২০১৫-২০১৬ অর্থ বছরের ২য় কিস্তির প্রাপ্ত বরাদ্দ ৯,৮৯,৫২৩/- টাকা ইউপি চেয়ারম্যান ও ইউপি সচিব কর্তৃক চেক স্বাক্ষরের মাধ্যমে উত্তোলন করে আত্মসাত করা হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।

০৪। এমতাবস্থায়, রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার ০৮নং রায়পুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আনিছুর রহমান সরকার এর বিরুদ্ধে ২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ অর্থ বছরে এলজিএসপি:২ এর অর্থ আত্মসাতের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় এবং দুর্নীতি দমন কমিশন সমন্বিত জেলা কার্যালয়, রংপুর হতেও তার বিরুদ্ধে একই অভিযোগের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে বিধায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪(৫) এর বিধান অনুযায়ী কেন তাকে রায়পুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে গোরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব

৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

জনাব মোঃ আনিছুর রহমান

চেয়ারম্যান

০৮নং রায়পুর ইউনিয়ন পরিষদ (সাময়িক বরখাস্তকৃত)

পীরগঞ্জ, রংপুর।

অনুলিপি :

০১। জেলা প্রশাসক, রংপুর (উল্লিখিত সদস্যের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক সদস্যের নিকট হতে জবাব সংগ্রহ করে তাঁর মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।

০২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।